

অধিবেশ ১.২ MAR 1981
পঞ্জীয়ন ৮-৫



০৭

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাস্তায় বেরিকেড অনার্স ক্লাসে ভর্তি পরীক্ষায় দশ

হাজার ছাত্র অংশ নিতে পারেনি

[[ইন্সিলাব রিপোর্ট]]
চট্টগ্রাম, ১ মার্চ। — সংগ্রামী ছাত্র একজুন পূর্ব ঘোষিত কর্মসূচী মোতাবেক বাধা প্রদান করলে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষায় অধিকাংশ ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করতে পারেননি।

খ। ইউনিটের অন্তর্ভুক্ত শিল্পকলা, মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের ১১ হাজার দরখাস্তকারীর মধ্যে মাত্র ৫শ' ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেন। উল্লেখ, আজ সকাল ১০টা থেকে ১টা পয়স্ত সময়ে বিশ্ববিদ্যালয়ে ১ম দিনের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। প্রকাশ, আজ সকাল থেকে সংগ্রামী ছাত্র একজ বিশ্ববিদ্যালয়ের সাথে সকল রকম পরিবহন ব্যবস্থায় বেরিকেড সৃষ্টি করলে পরীক্ষার্থীদের সংখ্যাগরিষ্ঠ অংশ পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হন।

ফলে, ১০ হাজার ৫শ' ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ বাধিত হন।

পরে দুপুর ১২টায় ভর্তি পরীক্ষা কমিটির এক জরুরী সভায় দুপুর দেড়টা থেকে পরীক্ষা প্রাঙ্গের সিদ্ধান্ত হয় এবং মাত্র ৫শ', ৬২ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন। পরীক্ষা শাস্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাপ্সেলরের সাথে যোগাযোগ করা হলে তিনি অধিকাংশ ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারায় উদ্বেগ প্রকাশ করেন।

উল্লেখ, বিশ্ববিদ্যালয়ে গোলমাল হয়েছে এমন খবর শহর ও আশপাশ এলাকায় ছড়িয়ে পড়া এবং ছাত্র-ছাত্রীরা সক্রিয় পর্যন্ত বাড়ী না ফেরার, কারণে অভিভাবকগণ সারাদিন উৎকষ্টার মধ্যে অতিবাহিত করেন। সন্ধ্যার পর ছাত্র-ছাত্রীরা ফিরে আসলে এ উৎকষ্টার অবসান হয়।